

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

সিএসএন্ডএম পরিদপ্তর

সদর দপ্তর ভবন, ঢাকা-১২২৯

ই-মেইল: directorcsm @ gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০১১.০০১.১০৬.১৭. ৩৩৮২

তারিখ ৪-২৮/১১/ ২০১৭ খ্রিঃ

সার্কুলার

পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের জন্য বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত মালামাল সংরক্ষণের জন্য বাপবিবোর্ডের বিদ্যমান পণ্যাগার সমূহে (খুলনা/চট্টগ্রাম/ঢাকা) স্থান সংকুলান করা দূরত্ব হয়ে পড়েছে। বাংলাদেশের সকল এলাকায় ২০১৮ খ্রিঃ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে বাপবিবোর্ডের চলমান সকল প্রকল্পের অধীনে মালামাল ক্রয়ের ব্যাপকতা পূর্বের তুলনায় অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এর পরিধির ব্যাপকতা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। যার ফলে মালামাল সমূহের জন্য সুষ্ঠু স্থান সংকুলান একটি দৈনন্দিন সমস্যায় পরিণত হয়েছে। এ সমস্যা নিরসন কল্পে সদস্য ডিএন্ডও/পিএন্ডডি, প্রধান প্রকৌশলী (পওপ) মহোদয়গণের সাথে বিস্তারিতভাবে অবস্থা ও প্রেক্ষাপট বিশ্লেষণ ও বিবেচনা করে নিম্নে বর্ণিত পবিস সমূহ এবং ওএন্ডএম কমপ্লেক্স গুলোকে ট্রানজিট স্টোর হিসেবে ঘোষণা করার জন্য প্রণীত নীতিমালাটি চেয়ারম্যান, বাপবিবোর্ড মহোদয় কর্তৃক অনুমোদন লাভ করেছে, যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলোঃ

- ১। সকল ওএন্ডএম কমপ্লেক্স-কে ট্রানজিট স্টোর হিসেবে নিম্নোক্ত নীতিমালা অনুসরণপূর্বক ব্যবহার করা, তবে ঢাকা ব্যতিরেকে (যা ইতোমধ্যেই ঢাকা পণ্যাগারের অংশ হিসেবে ব্যবহৃত হচ্ছে);

| ওএন্ডএম কমপ্লেক্স সমূহ | সংশ্লিষ্ট কেন্দ্রীয় পণ্যাগার এর অধীনে | নিরাপত্তার দায়িত্ব | গেট পাশ প্রস্তুতের দায়িত্ব |
|------------------------|--|----------------------------------|-----------------------------------|
| ঢাকা | কেন্দ্রীয় পণ্যাগার বাপবিবো, ঢাকা | সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী | কেন্দ্রীয় পণ্যাগার বাপবিবো, ঢাকা |
| বরিশাল | কেন্দ্রীয় পণ্যাগার বাপবিবো, খুলনা | ঐ | বরিশাল পবিস -১ |
| কুমিল্লা | কেন্দ্রীয় পণ্যাগার বাপবিবো, চট্টগ্রাম | ঐ | কুমিল্লা পবিস -২ |
| যশোর | কেন্দ্রীয় পণ্যাগার বাপবিবো, খুলনা | ঐ | যশোর পবিস-১ |
| রাজশাহী | ঐ | ঐ | রাজশাহী পবিস |
| রংপুর | ঐ | ঐ | রংপুর পবিস-২ |

- ২। এছাড়াও, নিম্নের ছকে বর্ণিত সমিতি সমূহ ট্রানজিট স্টোর হিসেবে ব্যবহার করা;

| অঞ্চল সমূহ | পবিস সমূহের নাম | সংশ্লিষ্ট কেন্দ্রীয় পণ্যাগার এর অধীনে |
|------------------|---|--|
| কেন্দ্রীয় অঞ্চল | টাংগাইল পবিস, ময়মনসিংহ পবিস-৩, ঢাকা পবিস-১ | ঢাকা |
| উত্তরাঞ্চল | রাজশাহী পবিস, নাটোর পবিস-১/২, রংপুর পবিস-১/২, সিরাজগঞ্জ পবিস-১, বগুড়া পবিস-১, দিনাজপুর পবিস-১/২, ঠাকুরগাঁও পবিস এবং পাবনা পবিস-২ | খুলনা |
| দক্ষিণাঞ্চল | যশোর পবিস-২, বরিশাল পবিস-১ | খুলনা |
| পূর্বাঞ্চল | চট্টগ্রাম পবিস-১/৩, কুমিল্লা পবিস-১, হবিগঞ্জ পবিস, মৌলভীবাজার পবিস | চট্টগ্রাম |

- ৩। বিভিন্ন পবিসকে ট্রানজিট স্টোর হিসেবে ব্যবহারকালে ট্রানজিট স্টোরের মালামালের নিরাপত্তার দায়িত্ব ও গেট পাশ ইস্যুর দায়িত্ব সংশ্লিষ্ট পবিস এর উপর ন্যস্ত থাকবে তবে গ্রহন ও ইস্যু ভাউচার প্রস্তুতসহ স্টোর ব্যবস্থাপনার যাবতীয় দায়িত্ব ক্রমিক নং-২ এ বর্ণিত সংশ্লিষ্ট কেন্দ্রীয় পণ্যাগারের উপরে থাকবে;

- ৪। ট্রানজিট স্টোর হিসেবে ওএন্ডএম কমপ্লেক্সে মালামাল সংরক্ষণের ক্ষেত্রে ক্রমিক নং-১ এ বর্ণিত নির্দেশনা মতে পরিচালিত হবে।


৫। ষ্টোর টিকিট এর উপর নিম্নোক্ত সীলটি ব্যবহার করতে হবে-

“ট্রানজিট ষ্টোর -----।” শূন্যস্থানে সংশ্লিষ্ট ষ্টোরের নাম উল্লেখ করতে হবে।

৬। পরিবহন ঠিকাদার কর্তৃক ট্রানজিট ষ্টোর হতে মালামাল পরিবহনের ক্ষেত্রে পরিবহন ঠিকাদার বরাবর ট্রানজিট ষ্টোর হতে গন্তব্য পবিস/প্রকল্প ষ্টোর এর দূরত্ব বিবেচনায় কন্ট্রোল সিডিউলে বর্ণিত দূরত্ব স্লাব অনুযায়ী বিল প্রদান করতে হবে।


এমতাবস্থায়, কাজের সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে এখন হতে প্রতিপালন এর জন্য পুনরাদেশ না দেওয়া পর্যন্ত ক্রমিক নং-১ হতে ৬ এর গৃহীত নীতিমালা সংশ্লিষ্ট সকলকে স্ব-স্ব ক্ষেত্রে দায়িত্বশীলতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে।


(দেবাসীষ চক্রবর্তী)
পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। প্রধান প্রকৌশলী, (পওপ/প্রকল্প) এর দপ্তর, বাপবিবো, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, -----।
- ৩। পরিচালক, পবিস মানব সম্পদ/এমপিএসএস/পরিদর্শন ও টেস্টিং/পবিস উন্নয়ন ও পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল/উত্তরাঞ্চল/দক্ষিণাঞ্চল/পূর্বাঞ্চল) পরিদপ্তর বাপবিবো, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, ঢাকা/বরিশাল/কুমিল্লা/যশোর/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম জোন।
- ৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, -----।
- ৭। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা/ডিএন্ডও/পিএন্ডডি)/, বাপবিবো, ঢাকা।
- ৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----।


28.11.17
(তামান্না কবীর)
উপ-পরিচালক (ষ্টোর কন্ট্রোল)